রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৭, ২০১৯

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৩ আষাঢ়, ১৪২৬/১৭ জুন, ২০১৯

নিম্নলিখিত বিলটি ০৩ আষাঢ়, ১৪২৬ মোতাবেক ১৭ জুন, ২০১৯ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ১৩/২০১৯

## ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১৯ নামে অভিহিত হইবে।

২। **২০১৮-১৯ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৫১৬৬,১৮,৫৪,০০০ (পনেরো হাজার একশত ছেষট্টি কোটি আঠারো লক্ষ চুয়ান্ন হাজার) টাকা প্রদান**।—২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১৫১৬৬,১৮,৫৪,০০০ (পনেরো হাজার একশত ছেষট্টি কোটি আঠারো লক্ষ চুয়ান্ন হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।


**মূল্য :** টাকা ৮.০০

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

## তফসিল

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ১৭,০২,৯৫ | ১৭,০২,৯৫ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ৮,০৭,৭৮ | ৮,০৭,৭৮ |
| | বাংলাদেশ সুপ্রিম কোর্ট | ৩৩,৭২,৫৭ | ০ | ৩৩,৭২,৫৭ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ৬৩৭,৬৯,২৩ | ১৮১০,১৯,০০ | ২৪৪৭,৮৮,২৩ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ২২৯,৬৮,৪০ | ২২৯,৬৮,৪০ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | ১৩,৫৯,৩৪ | ৩৩,৩৪,০০ | ৪৬,৯৩,৩৪ |
| | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ২,০৬,৪৬ | ০ | ২,০৬,৪৬ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৪২১,১৭,৪৮ | ৬,৮৬,৫৯ | ৪২৮,০৪,০৭ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ৯,৬০,৭২ | ৯,৬০,৭২ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ১৪১,৮৬,৩৭ | ১৪১,৮৬,৩৭ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৫১,৬৭,৩৫ | ১৫১,৬৭,৩৫ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ১৬০৪,৬৪,৭৮ | ১৬০৪,৬৪,৭৮ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ৫৪,১২,৬৯ | ৫৪,১২,৬৯ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ৬৭৪,৩৩,৪৭ | ৬৭৪,৩৩,৪৭ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ২,৮৮,৩৪ | ২,৮৮,৩৪ |
| ২২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ০ | ৯৭২,০৫,৮৭ | ৯৭২,০৫,৮৭ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১৯০,৫০,০০ | ১৯০,৫০,০০ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৪৪,০৬,২৫ | ৪৪,০৬,২৫ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ১১৮২,৯৩,৫৬ | ১১৮২,৯৩,৫৬ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১১৫,৯৩,১৮ | ১১৫,৯৩,১৮ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৩২৬,৫৮,৪৬ | ৩২৬,৫৮,৪৬ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ২১,০৮,১৭ | ২১,০৮,১৭ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৫৪২,৮৪,৫৯ | ১৫৪২,৮৪,৫৯ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ৫৭,৫৬,১৫ | ৫৭,৫৬,১৫ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ২২০,৯৭,৭৭ | ২২০,৯৭,৭৭ |
| ৩৭ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৮৩,৫৪ | ৮৩,৫৪ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৮৭৬,১৬,১১ | ৮৭৬,১৬,১১ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ৩০৫,৪৩,০৩ | ৩০৫,৪৩,০৩ |
| ৪২ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ৬৯,৩৭,০৭ | ৬৯,৩৭,০৭ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৫৮৬,৬৪,৯০ | ৫৮৬,৬৪,৯০ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৫৯,১৩,৮৬ | ৫৯,১৩,৮৬ |
| ৪৯ | নৌ পরিবহন মন্ত্রণালয় | ০ | ৬৭৭,৭৩,৯৩ | ৬৭৭,৭৩,৯৩ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫১,৫৯,৭৭ | ৫১,৫৯,৭৭ |
| ৫৩ | বিদ্যুৎ বিভাগ | ০ | ১২৭৬,৭৯,৪৪ | ১২৭৬,৭৯,৪৪ |
| | দুর্নীতি দমন কমিশন | ১১,১১,৬০ | - ৫৭৭,০০ | ৫,৩৪,৬০ |
| ৫৭ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০ | ৫৫,২৯,৪৩ | ৫৫,২৯,৪৩ |
| ৫৮ | সুরক্ষা সেবা বিভাগ | ০ | ৬৭৪,৭১,৩৪ | ৬৭৪,৭১,৩৪ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **১১১৯,৩৬,৬৮** | **১৪০৪৬,৮১,৮৬** | **১৫১৬৬,১৮,৫৪** |

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০১৯ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আ হ ম মুস্তফা কামাল**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd